

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.shed.gov.bd

৩৭.০০.০০০০.০৬৪.০১.০০১.২০১৮-২৪৪


তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : এম.পি.ও.ভুক্ত শিক্ষক-কর্মচারীদের ৫% ইনক্রিমেন্ট এবং ২০% বৈশাখী ভাতা।

- সূত্র : (১) অর্থ বিভাগের পত্র নং ০৭.০০.০০০০.১০২.০২০.০২৪.২০১৮-৫৪৪ তারিখ: ১৩/১১/২০১৮ খ্রিস্টাব্দ।
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.০১.০০১.১৮, তারিখ: ১৫/১১/২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) এম.পি.ও.ভুক্ত শিক্ষক-কর্মচারীদের মূল বেতনের ৫% হারে বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) এবং ২০% হারে বৈশাখী ভাতা কার্যকর করণে নিম্নেবর্ণিত শর্তে অর্থ বিভাগ সম্মতি প্রদান করেছে:

- ক) এ বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) ০১ জুলাই, ২০১৮ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে এবং এম.পি.ও.ভুক্ত (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হবে ০১ জুলাই, ২০১৯খ্রিঃ।
- খ) বৈশাখী ভাতা সুবিধা ১৪২৬ বঙ্গাব্দ থেকে কার্যকর হবে।
- গ) মূল বেতনের ৫% বার্ষিক ইনক্রিমেন্ট এবং মূল বেতনের ২০% বৈশাখী ভাতা প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন '১২০০০১৫০৪-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের জন্য মঙ্গুরি' খাতের অনুকূলে বেতন ও ভাতাদি বাবদ সহায়তা এবং '১২০০০১৫০৫-বেসরকারি মাহাবিদ্যালয়সমূহের জন্য মঙ্গুরি' খাতের অনুকূলে বেতন ও ভাতাদি বাবদ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।
- ২। অর্থ বিভাগের সম্মতি সংক্রান্ত সুত্রোক্ত পত্র এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুসরণে বিধি অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১২২০৫

ই-মেইল: moebudgetsection@gmail.com

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) উপসচিব (বাজেট অধিশাখা-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৬) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ব্যানবেইস ভবন, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৭) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৮) হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) অতিরিক্তসচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।